গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০১০.১১.৮৭৪.১৯- ৪৬ তারিখঃ ২২-০৩-২০২০খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা হতে প্রেরিত শতভাগ পেনশন সমর্পণকারী অবসর প্রাপ্ত কর্মচারী ১৫ (পনের) বৎসর পূর্তিতে পেনশন পুনঃস্থাপনযোগ্য হলেও পেনশন পুনঃস্থাপন সুবিধা ব্যতীত মৃত্যুবরণ করলে তাঁর জীবিতকালীন পুনঃস্থাপন সুবিধাসহ পেনশন প্রাপ্যতা এবং তার মৃত্যুর পর পুনঃস্থাপিত পারিবারিক পেনশন প্রাপ্যতার বিষয়ে ১১-০৩-২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং- ০৭.০০.০০০০. ১৭১.১৩ .০২৪. ১৩-২০ পত্রটি আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১(এক) পাতা।

১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।

৩। ডিসিজিএ- প্রশাসন/হিসাব/পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ।

৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

৫। উপজেলা একাউন্টস অফিসার (সকল)।

৬। পিএস টু-সিজিএ।

৭। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ-প্রশাসন/অতিঃ সিজিএ-হিসাব/ অতিঃ সিজিএ-পদ্ধতি।

৮। অফিস কপি/গার্ড ফাইল।

২২/০৩/২০২০
(কামরুন নেছা)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক(পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।
dcgaproc@cga.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা।
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০২৪.১৩-২০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ১১ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারী অবসরগ্রহণের ১৫ বছর পূর্তিতে পেনশন পুনঃস্থাপন সুবিধা ব্যতীত মৃত্যুবরণ করলে তার জীবিতকালীন পুনঃস্থাপন সুবিধাসহ পেনশন প্রাপ্যতা এবং তার মৃত্যুর পর পুনঃস্থাপিত পারিবারিক পেনশন প্রাপ্যতার বিষয়ে মতামত প্রদান।**

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০.০০০০.০১০.০৮.৮৩৯.১৮-১০৬০,তারিখ: ১৮-১২-২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ কর্তৃক ০৮-১০-২০১৮ খ্রিঃ তারিখের ১১৮ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন ও ২৮-১০-২০১৯ খ্রিঃ তারিখের ৯৭ নং স্মারকে জারীকৃত পত্রে শতভাগ পেনশন সমর্পণকারী সরকারী কর্মচারীগণের অবসরগ্রহণের ১৫ বছর সময় অতিক্রান্তের পর তাদের পেনশন পুনঃস্থাপন এবং কেবলমাত্র পুনঃস্থাপিত পেনশন সুবিধাভোগীগণের মৃত্যুর পর তাদের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানকে (যদি থাকে) পুনঃস্থাপিত পেনশন সুবিধা প্রদানের বিষয়টি অত্যন্ত সুস্পষ্ট হওয়ায় উক্ত প্রজ্ঞাপন ও পত্রে উল্লিখিত সুবিধাদি ব্যতীত অন্য কোন সুবিধাদি বিবেচ্য নয়।

অতিঃ সিজিএ (পদ্ধতি)
ডাইরী নম্বর: ৫৪৭ তারিখ: ২২/৩/২০২০
ডিসিজিএ (পদ্ধতি) ঃ অতি জরুরী
এএন্ডএও (পদ্ধতি-১) ঃ পরীক্ষা করে মতামত দিন।
এএন্ডএও (পদ্ধতি-২) ঃ পরীক্ষা করে মতামত দিন।

(ড. নাছিমা আকতার)
উপসচিব
ফোন: ৯৫৪০১৮১

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ ।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮-১০৪২ তারিখঃ ১২-১১-২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা এর ২৮-১০-২০১৯ খ্রিঃ তারিখের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৬-৯৭ পত্রটি আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো ।

সংযুক্তিঃ বর্ণনামতে ২(দুই) পাতা।

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।

৩। ডিসিজিএ- প্রশাসন/হিসাব/পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ ।

৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৬। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ-প্রশাসন/অতিঃ সিজিএ-হিসাব/ অতিঃ সিজিএ-পদ্ধতি (অতিঃ দায়িত্ব) ও পদ্ধতি।

৭। অফিস কপি/গার্ড ফাইল ।

(কামরুন্নেছা)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক(পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।
dcgaproc@cga.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা।
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৬-৯৭

তারিখ: ২৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ / ১৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারী, মাসিক পেনশন পুন:স্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে তার বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে), পুন:স্থাপিত পেনশন, চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮-৯৫৭, তারিখ: ২৬-০৬-২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০৮-১০-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮ নং প্রজ্ঞাপন মোতাবেক শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীর পেনশন পুন:স্থাপিত হয়ে থাকলে তার মৃত্যুর পর তার বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান (যদি থাকে) পুন:স্থাপিত পেনশন সুবিধা প্রাপ্য হবেন। এছাড়া তাদের চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতার বিষয়ে অর্থ বিভাগের ০৩-০৮-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭৪ নং প্রজ্ঞাপন অনুসরণীয় হবে।

২৮/১০/২০১৯
(আছমা আরা বেগম)
উপসচিব
ফোন: ৯৫৪০১৮১

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৬-৯৭/১০০(১)

তারিখ: ২৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ / ১৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব------------------------------------------------------------সকল মন্ত্রণালয়/বিভাগ।
তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-২

সূত্র নং ১

F:\2015\Circular.doc87

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭৪

তারিখঃ ০৩.০৮.২০১৭ খ্রিস্টাব্দ
১৯.০৪.১৪২৪ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

বিষয় ঃ শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর মৃত্যুর পর তাঁর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।

অর্থ বিভাগের ০১-০২-২০১৬ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-০৮ নং প্রজ্ঞাপন এবং ১১-০৭-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭২ নং পত্রের ধারাবাহিকতায় উল্লেখ্য যে, শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীগণের মৃত্যুর পর তাদের বিধবা স্ত্রী ও প্রতিবন্ধী সন্তান আজীবন এবং বিপত্নীক স্বামী সর্বাধিক ১৫ (পনের) বছর (শতভাগ পেনশন সমর্পণকারী কর্মচারীর অবসর গ্রহণের তারিখ হতে মোট ১৫ (পনের) বৎসর মেয়াদ পূর্তির কোন সময় অবশিষ্ট থাকলে শুধুমাত্র উক্ত সময় পূর্তি পর্যন্ত) মাসিক চিকিৎসা ভাতা ও বছরে ২টি উৎসব ভাতা প্রাপ্য হবেন। তবে পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী এ সুবিধা প্রাপ্য হবেন না। শতভাগ পেনশন সমর্পনকারীগণ শতভাগ পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন তার ভিত্তিতে উৎসব ভাতার পরিমাণ নির্ধারিত হবে।

২। উক্ত সুবিধা ০১-০২-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

৩। অর্থ বিভাগের ০১-০২-২০১৬ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-০৮ এবং ১১-০৭-২০১৬ তারিখের পত্র নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭২-এর পরিপ্রেক্ষিতে শতভাগ পেনশন সমর্পণকারীর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ০১-০২-২০১৬ তারিখের পূর্বের কোন চিকিৎসা ভাতা/উৎসব ভাতা উত্তোলন করে থাকলে তা তাদের পরবর্তীকালে প্রাপ্য চিকিৎসা ভাতা/উৎসব ভাতা হতে সমন্বয়যোগ্য হবে।

৪। এ বিষয়ে অর্থ বিভাগের ১৮-০৭-২০০১ খ্রিঃ তারিখের অম/অবি/বিধি-১/৩পি-৯৮/৯০২ সংখ্যক পত্রটির কার্যকারিতা ০১-০২-২০১৬ তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

03/8/2017

( মোঃ শাহজাহান )
যুগ্ম সচিব
ফোনঃ ৯৫৭৩৭৭০
Email: mshahjahan1@finance.gov.bd

চলমান পাতা-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ ।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ৯০০০ তারিখঃ ০১ -০৭-২০১৯খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

যে সকল পেনশনারের অবসরকালীন বয়স ১৫ বছর অতিক্রান্ত হয়েছে তাঁরা এই পুনঃস্থাপনের সুবিধা পাচ্ছেন। তবে শতভাগ পেনশন সমর্পণকারী পেনশনার মাসিক পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে, তাঁর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত মাসিক পেনশনের এ সুবিধা প্রাপ্য হবেন কি-না সে বিষয়ে র্অথ মন্ত্রণালয়ের পত্রে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় এতদ্ববিষয়ে সংশয় দেখা দিয়েছে। শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারের ক্ষেত্রে পেনশন পুনস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত পেনশন/চিকিৎসাভাতা ও উৎসব ভাতা প্রাপ্য হবেন কিনা এ বিষয়ে সিদ্ধান্তের জন্য সিজিএ কার্যালয়ের পত্র নং -০৭.০৩.০০০০.০১০. ০৮.৮৩৯.১৮-৯৫৭, তারিখঃ ২৬-০৬-২০১৯খ্রিঃ এর মাধ্যমে সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। মতামত প্রাপ্তির পর সকলকে অবহিত করা হবে।

স্বাক্ষরিত
**(মোহাম্মদ মনিরুজ্জামান হাওলাদার)**
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)(অঃ দাঃ)
ফোনঃ ৯৩৬০৮৫৯।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ৯০০০ তারিখঃ ০১ -০৭-২০১৯খ্রিঃ।

অবগতি ও কার্যার্থে বিতরণ করা হলো ঃ
১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
২। ডিভিশনাল কন্ট্রালার অব একাউন্টস (সকল)।
৩। ডিসিজিএ (সকল), সিজিএ র্কাযালয়।
৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৫। উপজলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। অফিস কপি/গার্ড ফাইল।

**(লাইলী বেগম)**
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফানঃ ৯৩৫৬৫০১।

E:\Ridoy Shikder\File No 839\Application.docx 4

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ৯৫৭ তারিখঃ ২৫-০৬-২০১৯খ্রিঃ।

বরাবর

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: উপ সচিব, বাস্তবায়ন অনুবিভাগ]

**বিষয়ঃ শতভাগ পেনশন সমর্পণকারী মাসিক পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যুর কারণে বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের পুনঃস্থাপিত পেনশন/চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।**

সূত্রঃ
১। ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭৪ তাং- ০৩/০৮/২০১৭ খ্রিঃ (কপি সংযুক্ত)।
২। ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮ তাং- ০৮/১০/২০১৮ খ্রিঃ (কপি সংযুক্ত)।
৩। অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/০৬ তাং- ১৫/০১/১৯৯৭ খ্রিঃ (কপি সংযুক্ত)।
৪। ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৩.১৮-১৩৮ তাং- ১৪/১১/২০১৮ খ্রিঃ (কপি সংযুক্ত)।
৫। সিএও/পিএফএম/আবেদন/সিদ্ধান্ত/৪০/১২৭ তাং- ১৪/১১/২০১৮ খ্রিঃ (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রস্থ ১নং পত্র মোতাবেক শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর মৃত্যুর পর তাঁর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান আজীবন মাসিক চিকিৎসা ভাতা ও বছরে ০২ (দুই) টি উৎসব ভাতা প্রাপ্য হবেন।

০৩। সূত্রস্থ ০২ নং পত্র মোতাবেক শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্থাপন করা হয়েছে। যে সকল পেনশনারের অবসরকালীন বয়স ১৫ বছর অতিক্রান্ত হয়েছে তাঁরা এই পুনঃস্থাপনের সুবিধা পাচ্ছেন। তবে শতভাগ পেনশন সমর্পণকারী পেনশনার মাসিক পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে, তাঁর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত মাসিক পেনশনের এ সুবিধা প্রাপ্য হবেন কি-না সে বিষয়ে সংশ্লিষ্ট পত্রে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় এতদ্বিষয়ে সংশয় দেখা দিয়েছে।

০৪। অবসর ভাতা ভোগরত অবস্থায় পেনশনারের মৃত্যুর পর পারিবারিক পেনশন কেইস নিষ্পত্তির ক্ষেত্রে সূত্রস্থ ৩ নং পত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এক্ষেত্রে বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ না হলে সূত্রস্থ ৪ নং পত্র মোতাবেক আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হন।

০৫। এমতাবস্থায়, শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারের ক্ষেত্রে পেনশন পুনস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত পেনশন/চিকিৎসাভাতা ও উৎসব ভাতা প্রাপ্য হবেন মর্মে এ কার্যালয় মনে করে। এ কার্যালয়ের উক্ত মতামত সঠিক কিনা সে বিষয়ে সদয় সিদ্ধান্ত প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

২১/০৭/২০১৯

(মোহাম্মদ মমিনুল হক ভুঁইয়া)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোনঃ ৯৩৬০৮৫৯।

স্মারক নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ৯৫৭ (২) তারিখঃ ২৫-০৬-২০১৯খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পেনশন এন্ড ফান্ড ম্যানেজমেন্ট, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
২। অফিস কপি/ গার্ড ফাইল।

(কামরুন্নেছা)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।

G/F

E:\uzzal hossain\File No 246\Application.docx 1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং-০৭.০৩.০০০.০০১.০৩২.৪৪৩.১৬-২৯৭৬ তারিখ ঃ ১৩/১২/২০১৭ খ্রিঃ।

বরাবর
১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

**বিষয়ঃ ১৫ বছর পূর্তিতে শতভাগ সমর্পিত পেনশনারগণের পেনশন পুনঃ স্থাপন প্রসঙ্গে।**

**সূত্রঃ** ১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮, তারিখঃ ০৮/১০/২০১৮ খ্রিঃ।
২। সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর স্মারক নং-সিএও/পি.এফ.এম/প্রশা/৪৮, তারিখঃ ২৮/১১/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সূত্রস্থ ১নং স্মারকের নির্দেশনার আলোকে "শতভাগ সমর্পিত পেনশনারগণের" তথ্যসমূহ বিভিন্ন একাউন্টস অফিস কর্তৃক পোস্টিং করে সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে। উক্ত তথ্যের ভিত্তিতে সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় কর্তৃক বকেয়া পরিশোধের সময় বিভিন্ন ধরণের ক্রটি বিচ্যুতির সম্মুখিন হচ্ছে। সূত্রস্থ ২নং পত্রের মাধ্যমে সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় হতে ১৫ বছর পূর্তিতে শতভাগ সমর্পিত পেনশনারগণের পেনশন পুনঃ স্থাপন এর বিষয়ে সকল হিসাবরক্ষণ অফিস কর্তৃক তথ্য প্রেরণে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, ১৫ বছর পূর্তিতে শতভাগ সমর্পিত পেনশনারগণের তথ্যসমূহ পোস্টিং করে সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করার সময় কোন ধরণের ক্রটি বিচ্যুতি যাতে না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য এবং সংযুক্ত নির্দেশনা মোতাবেক নির্ভুল তথ্য প্রেরণের জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মাজহারুল ইসলাম)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোন ঃ ৯৩৫৬৫০৯।

নং-০৭.০৩.০০০.০০১.০৩২.৪৪৩.১৬-২৯৭৬ তারিখ ঃ ১৩/১২/২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/হিসাব ও পদ্ধতি)।
২। উপ-হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৩। পিএস টু সিজিএ।
৪। অফিস কপি।

(মোঃ মাজহারুল ইসলাম)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোন ঃ ৯৩৫৬৫০৯।

১৮৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়**

**পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট**

হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ইমেইল: pfmcao@cga.gov.bd

হটলাইন: ০১৩১৬৪৬৪৬৬৫

স্মারক নং: সিএও/পি.এফ.এম./প্রশা/ ৪৮ তারিখ: ২৮-১১-২০১৮ খ্রি.।

হিসাব মহা নিয়ন্ত্রক
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ১৫ বছর পূর্তিতে শতভাগ সমর্পিত পেনশনারগণের পেনশন পুনঃস্থাপন সর্ম্পকে।**

সূত্রঃ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩-১৪.১১৮,তারিখ: ০৮/১০/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সূত্রস্থ স্মারকের নির্দেশনার আলোকে "শতভাগ সমর্পিত পেনশনারগণের" তথ্যসমূহ বিভিন্ন একাউন্টস অফিস কর্তৃক পোস্টিং করে এ কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে। উক্ত তথ্যের ভিত্তিতে এই কার্যালয় কর্তৃক বকেয়া পরিশোধ কালে বিভিন্ন ধরনের ক্রটি বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। অনেক ক্রটি খুবই গুরুতর বলে প্রতীয়মান হয়েছে। উক্ত বিষয়ে সকল হিসাবরক্ষণ অফিস কর্তৃক সজাগ দৃষ্টি রাখার লক্ষ্যে সিজিএ কার্যালয় হতে নির্দেশনা জারী করা প্রয়োজন।

এমতাবস্থায়, সংযুক্ত বর্ণনা মোতাবেক সকল হিসাবরক্ষণ কার্যালয়কে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদানের জন্য সবিনয় অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি : বর্ণনামতে।

২৮.১১.১৮

(এ এইচ এম শামসুর রহমান)
প্রধান হিসাবরক্ষণ কর্মকতা
পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট।

**অনুলিপি :**

১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।

২। অফিস কপি।

**বিষয়: ১৫ বছর পূর্তিতে শতভাগ সমর্পিত পেনশনারগণের পেনশন পুন:স্থাপন সম্পর্কে।**

হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়ের আওতাধীন সিএও, ডিসিএ, ডিএও, ইউএও কার্যালয়সমূহ শতভাগ সমর্পিত পেনশনারদের পেনশন পুন:স্থাপনে iBAS++ সিস্টেমে ভুল তথ্য, অসম্পূর্ণ তথ্য এন্ট্রি দিচ্ছেন। ফলশ্রুতিতে অধিক/কম পেমেন্ট এর ঝুঁকি তৈরী হচ্ছে। পাশাপাশি ভুল/অসম্পূর্ণ পেনশনার ডাটাবেস যথাযথভাবে তৈরীর সম্ভাবনা থেকে যাচ্ছে, যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ সমস্যা সমাধানে নিম্নবর্ণিত বিষয় সমূহের প্রতি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন।

২। পেনশন পুন:স্থাপনে আইবাস++ সফটওয়্যার-এ "Reinstated Pensioner Information Entry (15 Years)" মেনুতে এন্ট্রি দিতে গিয়ে কোন কোন হিসাবরক্ষণ কার্যালয় "Net Monthly Pension at Retirement Date " ফিল্ড-এ পেনশনের অংক সঠিকভাবে এন্ট্রি দিচ্ছে না। কোন ক্ষেত্রে বেশী আবার কোন ক্ষেত্রে কম এন্ট্রি দিচ্ছেন। ফলশ্রুতিতে বকেয়া নির্ধারণে ভুল সংঘটিত হচ্ছে এবং মাসিক পেনশন নির্ধারণেও গরমিল পরিলক্ষিত হচ্ছে এবং অতিরিক্ত/কম বকেয়া পরিশোধের সুযোগ সৃষ্টি হচ্ছে। "Net Monthly Pension" পরিমান পোস্টিং এ ব্যত্যয় পাওয়া গেলে তা শুধুমাত্র ভুল হিসেবে বিবেচিত হবে না বরং দায়িত্বে অবহেলা/অর্থ আত্মসাতের সুযোগদানে সহায়তামূলক কার্যক্রম হিসাবে বিবেচিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হলো।

৩। উক্ত মেনুতে অবসর গ্রহণের তারিখ পিপিও বই অনুযায়ী সঠিকভাবে পূরণ করতে হবে। কারণ উক্ত তারিখের সাথে পেনশনারের ফিক্সেশন সংক্রান্ত কার্যক্রম জড়িত। এক্ষেত্রে কোন ধরণের ভুল তথ্য এন্ট্রি কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

৪। পেনশনারগণের ব্যাংকিং সংশ্লিষ্ট তথ্যাদি যেমন একাউন্ট এর নাম, একাউন্ট নম্বর পূরণের ক্ষেত্রে কিছু কিছু কার্যালয় ভুল তথ্য এন্ট্রি দিচ্ছেন। ব্যাংকিং তথ্যাদির এন্ট্রি প্রদানের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। যেহেতু ইএফটি এর মাধ্যমে অনলাইনে পেনশন পরিশোধ করা হবে, তাই ব্যাংক নাম্বারের সবগুলো ডিজিট (MICR চেক অনুসারে ) আইবাস++ এ এন্ট্রি দেওয়া আবশ্যক। কোন ধরনের অসম্পূর্ণ ব্যাংকিং তথ্য এন্ট্রি প্রদান করলে সংশ্লিষ্ট পেনশনারের একাউন্টে অর্থ পরিশোধ করা সম্ভব হবে না। ব্যাংক একাউন্ট লিখার ক্ষেত্রে ডিজিটের মাঝখানে হাইফেন (-) চিহ্ন যেমন (১২১-০২-৪২৩) ব্যবহান করা যাবে না এবং শুধু ডিজিট ব্যবহৃত হবে।

৫। উক্ত পেনশনারগণের পেনশন আইবাস++ সফটওয়্যারে পুন:স্থাপনের পূর্বে আবশ্যিকভাবে উৎসব, চিকিৎসা এবং নববর্ষ ভাতার বকেয়া সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয় হতে পরিশোধ করতে হবে।

৬।(ক) ইতোমধ্যে একাউন্টস অফিস কর্তৃক ব্যাংক থেকে ১৫ বছর অতিক্রান্ত ১০০% সমর্পিত অবসর প্রাপ্তদের ডি-হাফস সংগ্রহ করা হয়ে থাকলে তাদের সকলের পোষ্টিং দ্রুত ভিত্তিতে করার বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) অপরদিকে এখনও ডি-হাফস সংগ্রহের জন্য পত্র লেখা না হয়ে থাকলে তাদের জন্য নির্দেশনা হলো ; যে সকল পুন:স্থাপনযোগ্য পেনশনার ব্যাংক হতে ভাতাদি গ্রহণ করছেন এবং যাদের অবসরের সময় ৩০/১০/২০১৮খ্রি. তারিখে ১৫ বছর অতিক্রম করেছে তাঁদের পেনশন পুন:স্থাপন এর জন্য পেনশনারের ডি-হাফস হিসাবরক্ষণ কার্যালয়ে ফেরত আনার জন্য প্রত্যেক হিসাবরক্ষণ অফিস থেকে ব্যাংক বরাবর পত্র লিখতে হবে। নভেম্বর মাস পর্যন্ত সকল বকেয়া (চিকিৎসা, নববর্ষ ও

উৎসব) ব্যাংক কর্তৃক পরিশোধ করে সংশ্লিষ্ট সকল ডি-হাফস প্রেরনের জন্য পত্রে উল্লেখ থাকতে হবে। যদি উক্ত বকেয়া (চিকিৎসা ও উৎসব ভাতা) পরিশোধ ব্যতীত কোন পেনশনারের ডি-হাফস হিসাবরক্ষণ কার্যালয়ে ফেরত আনা হয় তবে হিসাবরক্ষণ কার্যালয় উক্ত বকেয়া পরিশোধ পূর্বক আইবাস ++ এ উক্ত পেনশারের পেনশন পুন:স্থাপন করবেন।

৭। ইতোমধ্যে জারীকৃত অফিস আদেশ লঙ্ঘন করে কোন কোন সিএও, ডিসিএ, ডিএও, ইউএও-কার্যালয় পুন:স্থাপনকৃত পেনশনারের বকেয়া পরিশোধ করেছেন। এক্ষেত্রে বকেয়া নির্ধারণে পরিশোধকারী কার্যালয়সমূহ ০১/০৭/২০১৭ খ্রি. তারিখে একটি অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদান করেছেন, যা প্রদানযোগ্য নয়। যে সকল কার্যালয় এ ধরণের বকেয়া পরিশোধ করেছেন তাদেরকে অতিরিক্ত প্রদানকৃত অর্থ আদায়পূর্বক সিজিএ কার্যালয়কে অবহিত করতে হবে এবং পেনশন ও ফান্ড ম্যানেজমেন্টকে অনুলিপি দিতে হবে। পাশাপাশি পুন:স্থাপন পেনশন নির্ধারণ সংশোধন করা আবশ্যক। ইতিমধ্যে যে সকল পেনশনারগণের বকেয়া হিসাবরক্ষণ কার্যালয় হতে পরিশোধ করা হয়েছে তাদেরকে আইবাস++ এ এন্ট্রি না করার নির্দেশন দেয়া যাচ্ছে।

৮। পিপিও বহির যে পৃষ্ঠায় নেট পেনশন ও আনুতোষিক উল্লিখিত আছে সেই পৃষ্ঠা স্ক্যান করে আপলোড করতে হবে ।স্ক্যান করার সময় খেয়াল করতে হবে পেনশন ও আনুতোষিকের অংকের পরিমাণ স্পষ্ট কিনা। স্পষ্ট না থাকলে তা স্পষ্টীকরণের ব্যবস্থা গ্রহণ করে স্ক্যান করতে হবে।

[illegible]
অতিঃ সিজিএ (প্রশাঃ)
সিজিএ কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং- ০৭.০৩.০০০০.০০১.৩৭.৩২০.১৫-২৮১৫ তারিখ ঃ ১৫-১১-২০১৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ের স্মারক (১) নং - সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা:আ:প/১৫/২৭, তারিখ ঃ ২৪-১০-২০১৮ খ্রিঃ এবং (২) স্মারক নং - সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা: আ: প/১৫/৪৪, তারিখ ঃ ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখের পত্রদ্বয়ের প্রেক্ষিতে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় এর অফিস আদেশ নং-০৭.০৩.০০০০.০০১.০৩২.৪৪৩.১৬-১৬৮৭, তারিখঃ ১৫/১১/২০১৮ খ্রিঃ এর পত্রটি নিম্নবর্ণিত কার্যালয়ে পৃষ্ঠাংকন করা হলো।

০১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল)।
০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
০৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)।
০৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
০৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
০৬। পিএস টু সিজিএ।
০৭। পিএ টু অতিঃ সিজিএ (প্রশাসন/হিসাব ও পদ্ধতি)।
০৮। অফিস কপি।

১৫/১১/১৮
(মোঃ মাজহারুল ইসলাম)
উপ- হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৫৬৫০৯।

**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং-০৭.০৩.০০০০.০০১.০৩২.৪৪৩.১৬-৯৬৮-৭ তারিখ ঃ ১৫/১১/২০১৮ খ্রিঃ।

# অফিস আদেশ

**বিষয়ঃ শতভাগ পুনঃ স্থাপিত পেনশনারগণের "পেনশন ফিক্সেশন এবং বকেয়া প্রদান" প্রসঙ্গে।**

**সূত্রঃ** ১। সিএও/পিএন্ডএফএম/ডিহাফ ও ইএফটি সাঃ আঃ প/১৫/২৭, তারিখঃ ২৮/১০/২০১৮ খ্রিঃ।
২। সিএও/পিএন্ডএফএম/ডিহাফ ও ইএফটি সাঃ আঃ প/১৫/৪৪, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ।

সিএও/ডিএও/ইউএও অফিসসমূহকে শতভাগ পুনঃ স্থাপিত পেনশনারগণের শুধুমাত্র ফিক্সেশন সংক্রান্ত কার্যাবলি সম্পাদনের নির্দেশনা দেয়া হয়েছে এবং ফিক্সেশনের ক্ষেত্রে আইবাস++ এ করণীয় বিষয়ে বর্ণনা দেয়া হয়েছে। এবং কোন ধরণের বকেয়া প্রদান না করার বিষয়ে সুস্পষ্টভাবে নির্দেশ প্রদান করা হয়েছে। কিন্তু কিছু কিছু সিএও/ডিএও/ইউএও কার্যালয় হতে শতভাগ পুনঃ স্থাপিত পেনশনারগণের ম্যানুয়াল ফিক্সেশন এবং বকেয়া প্রদান করা হয়েছে এবং হচ্ছে। বিষয়টি অনাকাঙ্খিত এবং বর্ণিত নির্দেশনার সুস্পষ্ট ব্যত্যয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল সিএও/ডিএও/ইউএও কার্যালয়সমূহ কে কঠোরভাবে সতর্ক করা যাচ্ছে। ভবিষ্যতে এধরণের ব্যত্যয় কোন ভাবেই গ্রহণযোগ্য হবে না।

এপ্রেক্ষিতে যে সকল সিএও/ডিএও/ইউএও কার্যালয় হতে এ ধরণের বকেয়া প্রদান করা হয়েছে, সেসকল কার্যালয়কে বিনা ব্যর্থতায় আগামী ০২ (দুই) কর্মদিবসের মধ্যে বকেয়া পরিশোধিত বিস্তারিত তালিকা (পেনশনার-আইডি, ব্যাংক হিসাব নম্বর, মোবাইল নম্বর ও পরিশোধের তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি) এ কার্যালয় এবং সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় বরাবর ই-মেইলের মাধ্যমে সফট কপি এবং হার্ড কপি (ডাকযোগে/বাহক) প্রেরণের জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

সংশ্লিষ্ট ডিসিএগণ তাঁর নিজ কার্যালয়সহ আওতাধীন ডিএও/ইউএও সমূহে বর্ণিত বিষয়টি কঠোরভাবে মনিটর করবে এবং প্রতি ১০ (দশ) দিন অন্তর এতদসংক্রান্ত রিপোর্ট সিএও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তিঃ সূত্রস্থ স্মারকদ্বয়।

১৫/১১/১৮
(মোঃ মাজহারুল ইসলাম)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোন ঃ ৯৩৫৬৫০৯।

ফি/২৬৩
ফি/২২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়**
**পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট**
হিসাবভবন
সেগুনবাগিচা, ঢাকা
Email: pfmcao@cga.gov.bd
হটলাইন: ০১৩১৬-৪৬৪৬৬৫

নং- সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা:আ:প/১৫/২৭ তারিখ: ২৪ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ
০৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়: শতভাগ পেনশন সমর্পনকারী অবসরপ্রাপ্ত কর্মচারিগণের মাসিক পেনশন পুন:স্থাপন সম্পর্কিত

সূত্র : অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮ তারিখ ০৮/১০/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সূত্রস্থ স্মারকের বরাতে শতভাগ পেনশন সমর্পনকারী পুন:স্থাপনকৃত পেনশনারদের পেনশন প্রদান সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, কেবলমাত্র প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট থেকে উক্ত পেনশন প্রদান করা হবে। অন্য কোন হিসাবরক্ষণ কার্যালয় বা ব্যাংক হতে তাদেরকে পেনশন প্রদান করা যাবে না। এমতাবস্থায়, শতভাগ পেনশন সমর্পনকারী পুন:স্থাপনকৃত পেনশন প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো :

হিসাবরক্ষণ অফিস হতে পেনশন গ্রহণকারীদের জন্য :

১. পুন:স্থাপনকৃত পেনশনারের নিকট থেকে সংযুক্ত ছকে তথ্য সংগ্রহ করে আইবাস++ এর Reinstated Pensioner Information Entry মেনু থেকে এন্ট্রি করতে হবে। ইএলপিসি/পিপিও/ডি-হাফ মোতাবেক অবসরে গমনের সময়ের মূলবেতন এন্ট্রি করলে স্বয়ংক্রিয়ভাবে ০১/০৭/২০১৭ ও ০১/০৭/২০১৮ তারিখে পেনশন পুন:নির্ধারিত হবে এবং স্ক্রিনে প্রদর্শিত হবে। ডি-হাফ এর প্রথম ও শেষ ব্যবহৃত পাতা স্ক্যান করে এই স্ক্রিনের মাধ্যমে আপলোড করে দিতে হবে এবং হিসাবরক্ষণ অফিসে সংশ্লিষ্ট ডি-হাফ পৃথকভাবে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে। বর্ণিত কার্যক্রম সম্পন্ন হলে তথ্য 'Save' করার পর 'Send to CAO Pension' বাটনে ক্লিক করে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে অন-লাইনে প্রেরণ করতে হবে। 'Send to CAO Pension' বাটনে ক্লিক করার পূর্ব পর্যন্ত এন্ট্রিকৃত তথ্য সংশোধন করা যাবে।

২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে অন-লাইনে পাঠানোর পূর্ববর্তী মাস পর্যন্ত চিকিৎসা, উৎসব ভাতা ও নববর্ষ ভাতা বকেয়া থাকলে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়/ব্যাংক হতে প্রদান করতে হবে। শুধুমাত্র পুন:স্থাপিত মাসিক পেনশনের বকেয়া এবং পরবর্তী মাসিক পেনশন ইএফটির মাধ্যমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় হতে নিয়মিতভাবে প্রদান করা হবে।

৩. ইএফটিতে পেনশন প্রদানের সুবিধার্থে অবশ্যই পেনশনারকে ব্যাংক হিসাব খুলতে হবে এবং উক্ত ব্যাংক হিসাব সঠিকভাবে এন্ট্রি করার জন্য চেক বই এর খালি পাতার ফটোকপি সংযুক্ত ছকের সাথে সংগ্রহ করতে হবে। ব্যাংক হিসাবের তথ্য এন্ট্রির সময় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

ব্যাংক হতে পেনশন গ্রহণকারীদের জন্য :

৪. পুন:স্থাপনকৃত পেনশনারদের যারা ব্যাংক হতে পেনশন গ্রহণ করে থাকেন, উপরের ২ নং অনুচ্ছেদে বর্ণিত বকেয়া পরিশোধের পর তাদের ডি-হাফ হিসাবরক্ষণ অফিসে ফেরত আনতে হবে এবং ১ নং অনুচ্ছেদের আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

৫. পরবর্তীতে যখনই শতভাগ সমর্পনকারী কোন পেনশনারের পেনশনকাল ১৫ বছর পূর্ণ হবে, একই পদ্ধতি অনুসরণ করে তাদের তথ্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট - এ প্রেরণ করতে হবে।


২৪/১০/১৮
(শেখ মোহাম্মদ ওমর ফারুক)
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
Email: pfmcao@cga.gov.bd


সংযুক্তি:

১. পুন:স্থাপিত পেনশনার তথ্য ফরম

নং- সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা:আ:প/১৫/২৭ তারিখ: ২৪ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ
৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, ৭৭/৭ কাকরাইল, অডিট ভবন, ঢাকা
(দৃ: আ: পিএস টু বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল)
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: পিএস টু সচিব, অর্থ বিভাগ)
৩. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৪. অতিরিক্ত সচিব, বাজেট-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয় (সকল)
৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৯. অফিস কপি


২৪/১০/১৮
(শেখ মোহাম্মদ ওমর ফারুক)
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
Email: pfmcao@cga.gov.bd

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

সি/২৫৪
সি/২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়**

পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট

হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ইমেইল: pfmcao@cga.gov.bd

হটলাইন: ০১৩১৬৪৬৪৬৬৫

স্মারক নং-সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা: আ: প/১৫/৪৪ তারিখ: ১২/১১/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ <u>শতভাগ পেনশন সমর্পণকারী (১৫ বছরের উর্ধ্বে) পেনশনার যারা ব্যাংক হতে ভাতাদি গ্রহণ করেন তাদের পেনশন পুনস্থাপন সম্পর্কে।</u>

সূত্র ঃ (i) ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪.১১৮ তারিখ ঃ ০৮/১০/২০১৮ খ্রিঃ

(ii) সিএও/পিএফএম/ডি-হাফ ও ইএফটি সাঃ আপ/১১/২৭/৪২ তারিখ ঃ ০৭/১১/২০১৮ খ্রিঃ

২। সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সূত্রস্থ ১নং স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ব্যাংক হতে বিষয়ে বর্ণিত পেনশনারগণের পেনশন পুনঃস্থাপন সংক্রান্ত কার্যাবলী নিয়ন্ত্রণাধীন স্ব স্ব হিসাবরক্ষণ কার্যালয় হতে সম্পাদন করতে হবে। সে আলোকে ব্যাংক হতে ডি-হাফস সংগ্রহ করত সূত্রস্থ (ii) নং পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাগণকে অনুরোধ করা যাচ্ছে। **উক্ত পেনশনারগণের বকেয়া প্রদানসহ মাসিক পেনশন এ কার্যালয় হতে প্রদান করা হবে।**

৩। এ প্রসঙ্গে আরও জানানো যাচ্ছে যে, পুনঃস্থাপিত পেনশনারগণের ডি-হাফস স্ব-স্ব কার্যালয়ে পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত সংরক্ষণ করতে হবে। এছাড়া যে সকল পেনশনার হিসাবরক্ষণ কার্যালয় হতে ভাতাদি গ্রহণ করছেন তাদের ক্ষেত্রে যে হিসাবরক্ষণ কার্যালয় হতে ভাতাদি গ্রহণ করছেন তাদের 'পেনশন পুনঃস্থাপন' (iBAS++ এ) সূত্রস্থ ২নম্বর পত্রের আলোকে সম্পাদন করতে হবে। **এ সকল পেনশনারগণের বকেয়া সহ মাসিক পেনশন এ কার্যালয় হতে প্রদান করা হবে।**

৪। উক্ত পেনশনারগণের মাসিক পেনশনের বকেয়া ব্যতিত সকল ধরনের বকেয়া ভাতাদি পরিশোধপূর্বক 'পেনশন পুনঃস্থাপন' করতে হবে।

৫। উল্লেখ্য যে, ২ নম্বর সূত্রে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক "ePPo Transfer to CAO, Pension" মেনুটি শুধুমাত্র নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তার iBAS++ আইডিতে পাওয়া যাবে।

স্বা:

**(শেখ মোহাম্মদ ওমর ফারুক)**

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

ইমেইল: pfmcao@cga.gov.bd

স্মারক নং-সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা: আ: প/১৫/৪৪ তারিখ: ১২/১১/২০১৮ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, ৭৭/৭ কাকরাইল, অডিট ভবন, ঢাকা
(দৃ: আ: পিএস টু বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল)
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: পিএস টু সচিব, অর্থ বিভাগ)
৩. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৪. অতিরিক্ত সচিব, বাজেট-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয় (সকল)
৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৯. অফিস কপি

(শেখ মোহাম্মদ ওমর ফারুক)

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

ইমেইল: pfmcao@cga.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়**

হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ ।

স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৭৫০ তারিখঃ ০১/১১/২০১৮ খ্রিঃ।

**বিষয়: <u>শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীগণের মাসিক পেনশন পুনঃস্থাপন সম্পর্কিত</u> ।**

সূত্রঃ ১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮/১(১০০) তারিখঃ ০৮/১০/২০১৮খ্রিঃ ।
২। এ কার্যালয়ের অফিস আদেশ নং-০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৭৩৯ তারিখঃ ২২/১০/২০১৮ খ্রিঃ ।
৩। পেনশন ও ফান্ডম্যানেজমেন্ট কার্যালয়ের স্মারক নং-সিএও/পিএন্ডএফএম/ডি-হাফওইএফটি/সাঃআঃপ/১৫/২৭ তারিখ২৪/১০/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১ নং প্রজ্ঞাপন অনুসরণ পূর্বক সূত্রস্থ ৩ নং পত্রের নির্দেশনা অনুযায়ী সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় হতে শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীগণের মাসিক পেনশন পরিশোধের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩(তিন) পাতা।

স্বাক্ষরিত

**(মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া)**

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোনঃ ৯৩৬০৮৫৯।

স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৭৫০(১-৫) তারিখঃ ০১/১১/২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ ।
[ দৃষ্টি আকর্ষণঃ ড. মোঃ নজরুল ইসলাম, যুগ্ম সচিব, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা ] ।

২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল).............................।

৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস- (সকল)............................।
(তাঁর অধীনস্থ অফিস সমূহকে জানানোর জন্য অনুরোধ করা হলো )।

৪। ডিসিজিএ- প্রশাসন/হিসাব/পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ ।

৫। পিএস টু- সিজিএ।

৬। অফিস কপি/গার্ড ফাইল।

০১/১১/২০১৮

(মিয়া মোহাম্মদ মজিবুল হক )

উপ-হিসাব মহানিয়ন্ত্রক(পদ্ধতি)

ফোনঃ ৯৩৫৬৫০১।

ই-মেইলঃ dcgaproc@cga.gov.bd

১৯-১৪৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮

তারিখ: ০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

সরকার শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে যা নিম্নরূপ বিধানাবলী সাপেক্ষে কার্যকর হবে:

(ক) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের অবসর গ্রহণের তারিখ হতে ১৫ বছর সময় অতিক্রান্তের পর তাদের পেনশন পুনঃস্থাপন করা হবে। কর্মচারীর এলপিআর/পিআরএল যে তারিখে শেষ হয়েছে তার পর দিন হতে উক্ত ১৫ বছর সময় গণনা করা হবে। আর যিনি এলপিআর/পিআরএল ভোগ করেননি তার ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ হতে উক্ত ১৫ বছর সময় গণনাযোগ্য হবে;

(খ) যে পদ্ধতি ও নিয়মে নিয়মিত পেনশনারগণের মাসিক পেনশন নির্ধারিত হয় অনুরূপ পদ্ধতি ও নিয়মে শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মাসিক পেনশন নির্ধারিত হবে;

**উদাহরণ:** ধরা যাক সংশ্লিষ্ট কর্মচারীর এলপিআর শেষ হয়েছে ২০০২ সালের ৩০শে জুন। তাঁর অবসরের পর হতে ১৫ বছর সময় অতিক্রান্ত হয়েছে ২০১৭ সালের ১লা জুলাই। উক্ত কর্মচারী যদি ১নং গ্রেডভুক্ত হন তাহলে জাতীয় বেতনস্কেল, ১৯৯৭ অনুযায়ী তাঁর বেতন ১৫,০০০ টাকা (নির্ধারিত) হওয়ায় তাঁর মাসিক নীট পেনশনের পরিমাণ হবে (১৫,০০০×৮০%)÷২=৬,০০০ টাকা। জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী মাসিক ১০০১ টাকা হতে তদূর্ধ্ব পরিমাণ নীট পেনশন গ্রহণকারীর মাসিক পেনশন ২৫% হারে বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে ৬,০০০+(৬০০০×২৫%)=৭,৫০০ টাকা। আবার জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী ৬৫ বছর ঊর্ধ্ব বয়সের পেনশনভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে ৭,৫০০+(৭,৫০০×৫০%)=১১,২৫০ টাকা। জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৬৫ বছর ঊর্ধ্ব বয়সের অবসরভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় ০১-০৭-২০১৭ তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে ১১,২৫০+(১১,২৫০×৫০%)=১৬,৮৭৫ টাকা। সুতরাং ২০০২ সালের ৩০শে জুন বা তার পূর্বে এলপিআর শেষ হয়েছে ১নং গ্রেডের এমন শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশন হবে ১৬,৮৭৫ টাকা।

(গ) নিয়মিত পেনশনারগণের ন্যায় শতভাগ পেনশন সমর্পণকারী অবসরভোগীগণেরও ন্যূনতম মাসিক পেনশন হবে ৩,০০০ (তিন হাজার) টাকা।

(ঘ) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে বা তার পরবর্তী সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) যে পেনশন নির্ধারিত হবে তার উপর প্রতিবছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হবে।

**উদাহরণ:** উপরের উদাহরণের ১নং গ্রেডের কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশনের পরিমাণ ১৬,৮৭৫ টাকা। প্রতিবছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হওয়ায় ০১-০৭-২০১৮ তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে ১৬,৮৭৫+(১৬,৮৭৫×৫%)=১৭,৭১৮.৭৫ টাকা।

চলমান পাতা-২

২। পেনশন পুনঃস্থাপনের উক্ত সুবিধা ০১-০৭-২০১৭ তারিখ থেকে কার্যকর হবে। তবে ০১-০৭-২০১৭ তারিখের পূর্বের কোন আর্থিক সুবিধা প্রদেয় হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
( মোঃ শাহজাহান )
অতিরিক্ত সচিব
(পরিচিতি নং-৪১৪৪)
ফোন: ৯৫৭৩৭৭০
E-mail: shahjahanmail@yahoo.com

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮/১(১০০)

তারিখ: ০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব------------------------------------------------------------সকল মন্ত্রণালয়/বিভাগ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ)১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। বিভাগীয় কমিশনার-------------------------------------------------------------------------------(সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, (দৃ: আ: উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস), তেজগাঁও, ঢাকা-বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক---------------------------------------------------------------------------- (সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা------------------------------------------------------------------------ (সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, অর্থ বিভাগ-----------------------পত্রটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব- এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ-----------------------------------(সকল)।

০৮/১০/২০১৮
(ড. মো: নজরুল ইসলাম)
যুগ্ম সচিব

"একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়**
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৭৩৯ তারিখঃ ২২/১০/২০১৮খ্রিঃ।

## "অফিস আদেশ"

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা হতে জারীকৃত প্রজ্ঞাপন নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮/১(১০০) তারিখঃ ০৮/১০/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে সরকার কর্তৃক গৃহীত শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত পরবর্তী নির্দেশ দেয়ার পর থেকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে জানানো হলো।

**স্বাক্ষরিত**
(মিয়া মোহাম্মদ মজিবুল হক)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।

স্মারক নং- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৭৩৯(১-৬) তারিখঃ ২২/১০/২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ ড. মোঃ নজরুল ইসলাম, যুগ্ম সচিব, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা ]।
২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
[তার অধীনস্থ অফিস সমূহকে জানানোর জন্য অনুরোধ করা হলো ]।
৪। ডিসিজিএ-প্রশাসন/হিসাব/পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ ।
৫। পিএস টু-সিজিএ ।
৬। অফিস কপি/গার্ড ফাইল।

২৩/১০/২০১৮

(মিয়া মোহাম্মদ মজিবুল হক)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।